# ARCFL ARC FINANCE LIMITED

**Date: 31st January, 2023**

To,
**The Bombay Stock Exchange Limited,**
PJ Towers, Dalal Street
Mumbai- 400 001

To,
**The Calcutta Stock Exchange Limited**
7, Lyons Range,
Kolkata- 700 001

**Subject: Compliance under Regulation 47 of the Securities and exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements), Regulations, 2015 ("Listing Regulations")**

*BSE Scrip Code:* ***540135*** *CSE Scrip Code:* ***011278***

**Dear Sir,**

Pursuant to Regulation 47 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, please find enclosed herewith the copy of the newspaper publication of of the Company to, inter-alia, consider and approve the Unaudited Financial Results of the Company for the Quarter ended December 31, 2022 published in the following editions

1. Financial Express — English Newspaper
2. Sukhabar — Bengali Newspaper

Please take the same on your record and acknowledge the receipt of the same.

Thanking You.
Yours Faithfully,

**For ARC Finance Limited**

Rohit Jain

ARC FINANCE LIMITED KOLKATA

**Rohit Jain**
**Company Secretary**
**M. No. 44371**

18, Rabindra Sarani, Poddar Court, Gate No. 4, 4th Floor, Room No. 3, Kolkata-700 001, West Bengal. www.arcfinance.in
Contact No. 033-3258-9854, E-mail : arcfinancelimited@gmail.com, CIN No. L51909WB1982PLC035283

# ৪৬তম কলকাতা বইমেলা উদ্বোধনের মুহূর্ত



■ঘণ্টা বাজিয়ে ৪৬তম কলকাতা বইমেলার সূচনা করছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁকে সাহায্য করছেন বুক সেলার্স অ্যান্ড পাবলিশার্স গিল্ডের সাধারণ সম্পাদক ত্রিদিবকুমার চট্টোপাধ্যায়। রয়েছেন কবি সুবোধ সরকার, সাংসদ শান্তনু সেন, সাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায় ও বিদ্যুৎ ও যুবকল্যাণমন্ত্রী অরূপ বিশ্বাস। সোমবার। ছবি : সুফল ভট্টাচার্য

## ১৫ বছরের মেয়েদের বিষয়ে ভাবার সময় এসেছে

# ‘নাবালিকা বিয়ে’ নিয়ে পর্যবেক্ষণ বিচারপতি মান্থার

**সুখবর ব্যুরো, কলকাতা:** ১৯৪৭ সালে দেশের স্বাধীনতার সময় থেকে আধুনিক যুগের নাবালিকারা অনেক পরিণত। এবার ১৫ বছরের নাবালিকাদের নিয়ে ভাবার সময় এসেছে। স্বেচ্ছায় বা পরিবারের ইচ্ছায় ১৫ বছরের নাবালিকাদের বিয়ে নিয়ে সোমবার প্রাথমিক পর্যবেক্ষণে মত প্রকাশ করেন কলকাতা হাই কোর্টের বিচারপতি রাজাশেখর মান্থা।

এক নাবালিকার নিখোঁজ সংক্রান্ত মামলায় আদেশ দিতে গিয়ে সোমবার বিচারপতি রাজাশেখর মান্থা বলেন, ‘আধুনিক যুগে তাঁরা অনেক পরিণত। এখন আর তাঁদের সঙ্গে ১৯৪৭ সালের নাবালিকাদের সঙ্গে তুলনা করলে চলবে না। এবার ১৫ বছরের নাবালিকাদের নিয়ে ভাবার সময় এসেছে।’

এপ্রসঙ্গে আইন উল্লেখ করে বিচারপতি আরও বলেন, ‘এখন নাবালিকারা সোশ্যাল মিডিয়ায় পারদর্শী। সেখান থেকে তারা সবকিছু জানতে পারেন। কিন্তু সাবালিকা হওয়ার আগে বিবাহ আইনত অপরাধ। তাই ১৫ বছরের নাবালিকারা স্বেচ্ছায় যে সিদ্ধান্ত নিচ্ছে তাতে বিচারব্যবস্থা অনেক সময় অসুবিধার মুখে পড়ছে। প্রচলিত আইনকে প্রশ্নের মুখে পড়তে হচ্ছে। আবার আদালতের পক্ষে আইনের বাইরে গিয়ে কিছু করা সম্ভব নয়।’

এদিন শুনানির সময় আইনজীবী জয়ন্তনারায়ণ চট্টোপাধ্যায় জানান, ‘সময়ের সঙ্গে সঙ্গে তাল মিলিয়ে আইনও পরিবর্তন হওয়া উচিত। এবিষয় আইন প্রণেতাদের ভাবতে হবে। সাবালক বা সাবালিকা হওয়ার আগেই ছেলেমেয়েরা খোলামেলা মেলামেশা করছে। তাঁরা আইন না জেনেই একে অপরের প্রতি আকৃষ্ট হচ্ছে। তাঁদের আইনে আটকে রাখাও সম্ভব নয়। কোনও আইন ব্যবহারের থেকে অপব্যবহার হয় বেশি। তাই নাবালক-নাবালিকাদের যৌন নির্যাতন সংক্রান্ত অভিযোগে আইনি ব্যবস্থা নিতে তৈরি প্রিভেনশন অফ চিলড্রেন ফ্রম সেক্সুয়াল অফেনসেস বা পকসো আইনের উপর যাতে প্রভাব না পড়ে সে বিষয়ও মাথায় রাখতে হবে।’ এদিকে, আলিপুর পকসো আদালতের বিশেষ সরকারি কৌঁসুলি মাধবী ঘোষ বলেন, ‘১৮৭২ বা ১৯৫৪ সালের বিবাহ আইনের বিষয় নিয়ে আইন প্রণেতারা ভাবতেই পারেন। কিন্তু সাবালক বা সাবালিকা হওয়ার বয়স যদি কমে, তাহলে সামাজিক অবক্ষয় হবে।’

মাঝেমধ্যেই শিরোনামে উঠে আসে নাবালিকার বিয়ে রুখল পুলিশ। কখনও আবার নাবালিকা তার প্রেমিকের সঙ্গে ভালবাসার টানে ঘর ছাড়ে। কখনও বা পরিবারের আর্থিক সচ্ছলতা না থাকায় প্রাপ্তবয়স্ক হওয়ার আগেই নাবালিকা মেয়েকে বিয়ে দিতে চায় পরিবার। কখনো সেই বিয়ে আটকায় পুলিশ। আবার কখনো আবার পরিবারের বিরুদ্ধে গিয়ে নাবালিকাকে নিজে হেল্পলাইন নম্বরে ফোন করে বিয়ে রোখে। আবার কখনও সহপাঠীদের সহযোগিতায় বিয়ে আটকায় চাইল্ডলাইন। এবার সেই প্রসঙ্গই উঠল কলকাতা হাই কোর্টেও।

# মোদী-শাহর মতো যাঁরা হিংসা ছড়ান তাঁরা মানুষের যন্ত্রণা বুঝবেন না : রাহুল

**শ্রীনগর:** নরেন্দ্র মোদী, অমিত শাহ, অজিত দোভাল, আরএসএসের মতো যারা হিংসা ছড়ায় তারা কখনো যন্ত্রণা, কষ্ট বুঝতে পারবে না। কিন্তু আমরা যন্ত্রণা বুঝি। যারা ভারতের ভিত্তিকেই নষ্ট করে দিতে চায় আমাদের তাদের সেই আদর্শের বিরুদ্ধে রুখে দাঁড়াতেই হবে। সোমবার ১৩৬ দিন ব্যাপী ভারত জোড়ো যাত্রার শেষদিনে শ্রীনগরের শের-ই কাশ্মীর ক্রিকেট স্টেডিয়ামের জনসভায় দাঁড়িয়ে এভাবেই কেন্দ্র ও আরএসএসকে তুলোধনা করলেন রাহুল গান্ধী। ৭ সেপ্টেম্বর সুদূর দক্ষিণের তামিলনাড়ুর কন্যাকুমারী থেকে শুরু হওয়া যাত্রা সোমবারই শেষ হয় কাশ্মীরের শ্রীনগরে এসে। ভারত জোড়ো যাত্রার সময় বারবার সাংবাদিকরা রাহুলকে জিজ্ঞাসা করেছেন ভারত জোড়ো যাত্রার উদ্দেশ্য কী? দীর্ঘ সফরের শেষদিন আবেগতাড়িত রাহুল নিজেই মুখ খোলেন তাঁর যাত্রার উদ্দেশ্য নিয়ে। তিনি জানান, ভারতের উদারমনস্ক ও ধর্মনিরপেক্ষ চরিত্রকে বাঁচানোই তাঁর যাত্রার আসল উদ্দেশ্য। তুমুল তুষারপাতের মধ্যেই এদিন ভাষণ দিতে গিয়ে অবিচল রাহুল বলেন, ‘আমি এই যাত্রা নিজের জন্য বা কংগ্রেসের জন্য করিনি। আমি এটা করেছি দেশবাসীর জন্য। আমাদের উদ্দেশ্য হল যে আদর্শ দেশের মূল ভিত্তিকেই ধ্বংস করে দিতে চায় তা যে কোনো মূল্যেই প্রতিহত করা। আমাদের যাত্রা সফল। দেশের জন্য এটা দরকার ছিল।’ শেষদিন রাহুলের জনসভায় হাজির ছিলেন ডিএমকে, ন্যাশনাল কনফারেন্স, পিডিপি, সিপিআই, আইইউএমএল, আরএসপির প্রতিনিধিরা। গোটা যাত্রায় প্রবল ঠান্ডার মধ্যেও ট্রেড মার্ক সাদা টি-শার্টে দেখা গেলেও এদিন ঐতিহ্যবাহী কাশ্মীরি পোশাক ফেরান পরতে দেখা যায় রাহুলকে। নিজের দাদি ইন্দিরা গান্ধী ও পাপা রাজীব গান্ধীর হত্যাকাণ্ডের ঘটনা স্মরণ করে



■কাশ্মীরে তুষারপাতের মধ্যে অবিচল রাহুল গান্ধী। সোমবার

রাহুল বলেন, ‘মোদীজী, অমিত শাহজী, বিজেপি, আরএসএসের মতো যাঁরা হিংসা ছড়ান তাঁরা কখনো এই যন্ত্রণা বুঝবেন না। কিন্তু একজন সেনার পরিবার, একজন সিআরপিএফ জওয়ানের পরিবার, একজন কাশ্মীরির পরিবার এই যন্ত্রণা বুঝবেন যখন ফোনে তাঁদের প্রিয়জনদের হত্যার খবর জানানো হয়। এই যাত্রার লক্ষ্য হল ফোনে প্রিয়জনের মৃত্যুসংবাদ জানানো বন্ধ করা। তা সে সেনা হোক কিংবা সিআরপিএফ হোক কিংবা কোনো কাশ্মীরির।’ রবিবারও অমিত শাহকে চ্যালেঞ্জ করে রাহুল বলেছিলেন, ‘কাশ্মীরের পরিস্থিতি যদি সব ঠিকই থাকে তা’হলে বিজেপি নেতারা কেন জম্মু থেকে লালচক পর্যন্ত হাঁটছেন না? জম্মু-কাশ্মীরে বেছে বেছে হত্যা, বোমা বিস্ফোরণ বাড়ছে। পরিস্থিতি যদি সুরক্ষিতই হয় তা’হলে কেন অমিত শাহ জম্মু থেকে কাশ্মীর পর্যন্ত হাঁটছেন না?’ সোমবারও একই সুরে আক্রমণ করে রাহুল বলেন, ‘কোনো বিজেপি নেতা কাশ্মীরের রাস্তায় হাঁটতে পারবেন না। সাধারণ মানুষ ওদের হাঁটতে দেবে না এমন নয়। আসলে ওরা ভয় পায়।’ রাহুল এদিন আরো দাবি করেন, ‘আমার নিরাপত্তার দায়িত্বে থাকা আধিকারিকরা আমায় কাশ্মীরে গাড়িতে করে ঘুরতে বলেছিলেন। ওরা বলেছিল আমাকে লক্ষ্য করে গ্রেনেড ছোড়া হতে পারে। আমার পরিবার ও গান্ধীজী আমায় নির্ভয় জীবন কাটাতে শিখিয়েছে। কাশ্মীরিরা আমায় গ্রেনেড নয় ভালোবাসা দিয়েছে।’—**সংবাদ সংস্থা**

# রাষ্ট্রপতিকে নিয়ে গিরির মন্তব্য মামলায় মুখ্যমন্ত্রীর নাম বাদ দেওয়ার হুকুম কোর্টের

**সুখবর ব্যুরো, কলকাতা:** রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে নিয়ে করা রাজ্যের মন্ত্রী অখিল গিরির কুরুচিকর মন্তব্য নিয়ে কলকাতা হাই কোর্টে মামলা হয়েছিল। সেই জনস্বার্থ মামলা থেকে বাদ দেওয়া হল রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নাম। সোমবার প্রধান বিচারপতি প্রকাশ শ্রীবাস্তব ও বিচারপতি রাজর্ষি ভরদ্বাজের ডিভিশন বেঞ্চ জানিয়ে দিয়েছে, এই ঘটনার সঙ্গে মুখ্যমন্ত্রী কোনো ভাবে যুক্ত নন। তাঁকে এই মামলায় যুক্ত করার কোনো যৌক্তিকতা নেই। কয়েক মাস আগে নন্দীগ্রামের গোকুলনগরের সভায় রাষ্ট্রপতি সম্পর্কে কুরুচিকর মন্তব্য করেন অখিল গিরি। যদিও তাঁর এই মন্তব্যের নেপথ্যে শুভেন্দু অধিকারীর উস্কানি রয়েছে বলে দাবি করেন অখিল গিরি। তবে সাফাই গাইলেও অখিল গিরির পাশে অবশ্য তাঁর দল দাঁড়ায়নি। সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের তরফে সে সময় ট্যুইট করে জানানো হয়েছিল, ‘রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর প্রতি আমাদের সর্বোচ্চ শ্রদ্ধা রয়েছে। আমাদের বিধায়ক অখিল গিরির অশালীন মন্তব্যকে কখনওই সমর্থন করে না দল এবং এর তীব্র নিন্দা করছি। নারী ক্ষমতায়নের এই যুগে এ ধরনের মন্তব্য নারীবিদ্বেষী ও দুর্ভাগ্যজনক।’ অখিল গিরির এই মন্তব্যের বিরোধিতায় হাই কোর্টে জনস্বার্থ মামলা হয়। মামলা করেছিলেন আইনজীবী সুস্মিতা সাহা দত্ত। আবেদনে বলা হয়েছিল, রাষ্ট্রপতিকে নিয়ে অখিলের মন্তব্য সংবিধানের অবমাননা। দেশের সাংবিধানিক প্রধান সম্পর্কে এমন মন্তব্য করা যায় না। রাজ্য সরকার অখিল সরকারের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিচ্ছে না। তাই আদালত উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার আদেশ দিক। সেই মামলায় দলনেত্রী হিসেবে মমতা বন্দ্যোপাধ্যায়ের নাম ছিল।

**TENDER NOTICE**

Tender Notice No :- WB/ S24PGS / MPUR- II PS / 40/ E.O./15th FC (TIED) / & 39/ E.O./15th FC Tied / 22-23

Name of the Work : Supply of 2 nos. of E-Cart.
Date of uploading of Tender: 24.01.2023
Date of Bid submission start : 25.01.2023
Date of Bid submission closing: 03.02.2023 at 3.00 PM
Date of Bid opening (Technical): 06.02.2023

Sd/-
Executive Officer
Mathurapur-II Panchayat Samiti
South 24-Parganas

**OFFICE OF THE SAHACHAK GRAM PANCHAYAT.**
Vil. + P.O.- Bhuta. P.S.- Daspur, Dist.- Paschim Medinipur.

**ABRIDGED TENDER NOTICE**

N.I.T. No. – WBPMID/DAS/SAHA/NIT-03/15th CFC Fund/2022-23
Dated: 27.01.2023

The Pradhan, Sahachak Gram Panchayat invites e- Tender for the 09 Nos. Construction Of Cement Concrete road work under 15th CFC Fund bearing NIT No. **WBPMID/DAS/SAHA/NIT-03/15th CFC Fund/2022-23.**
Intending bidders may access detailed information and respond from e-procurement portal of Government of West Bengal at **http://www.wbtenders.gov.in**. Bid Submission Start Date (Online) on 28.01.2023 (10 A.M.). Bid Submission Closing Date (Online) on 07.02.2023 (06.00 P.M.)

Sd/-Pradhan,
Sahachak Gram Panchayat, Daspur, Paschim Medinipur.

**OFFICE OF THE SAHACHAK GRAM PANCHAYAT.**
Vil. + P.O.- Bhuta. P.S.- Daspur, Dist.- Paschim Medinipur.

**ABRIDGED TENDER NOTICE**

N.I.T. No. – WBPMID/DAS/SAHA/NIT-02/15th CFC Fund/2022-23
Dated: 28.01.2023

The Pradhan, Sahachak Gram Panchayat invites e- Tender for the 02 Nos. Submercible Instalation work. 03 Nos New Napkin Machine with Sock pit . 05 Nos Construction of Community Toilet with pipe line water tank with sock pit. 01 Nos Pipe line work. 01 Nos Construction of drainage work. 01 Nos. Construction of Cannel with Culvert work. 01 Nos Construction of ICDS Kitchen room with water tank pipe line with sock pit. 01 No Pipe line work.
Intending bidders may access detailed information and respond from e-procurement portal of Government of West Bengal at **http://www.wbtenders.gov.in**. Bid Submission start date (Online) on 29.01.2023 (10.00 A.M.). Bid Submission Closing Date (Online) on 07.02.2023 (06.00 P.M.)

Sd/-Pradhan,
Sahachak Gram Panchayat, Daspur, Paschim Medinipur.

# ‘কিছু দুষ্কৃতী রাজ্যটাকে ধ্বংস করে দেবে’

# ২০২২-এর ওএমআর শিট কীভাবে কুন্তলের বাড়িতে, ইডির জবাব চান বিচারপতি গাঙ্গুলি

**সুখবর ব্যুরো, কলকাতা:** কিছু দুষ্কৃতী রাজ্যটাকে ধ্বংস করে দেবে, কী হচ্ছে এসব? কী করে কুন্তলের কাছে ওএমআর শিট, অ্যাডমিন কার্ড গেল, তা ইডিকে ডেকে জিজ্ঞাসা করব। সোমবার কলকাতা হাই কোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের এজলাসে এমনই প্রসঙ্গ উঠে আসে। শিক্ষক নিয়োগ কেলেঙ্কারিতে যুক্ত থাকার অভিযোগে ইডির হাতে গ্রেফতার হয়েছেন তৃণমূলের যুবনেতা কুন্তল ঘোষ। সেই কুন্তলের চিনার পার্কের ফ্ল্যাট থেকে সদ্য হওয়া ২০২২ সালের প্রাথমিক টেটের ওএমআর শিট উদ্ধার হয়েছে বলে দাবি করা হয়েছে ইডির তরফে। সেটা মেনে নিয়েছে প্রাথমিক শিক্ষা পর্ষদ। তবে পর্ষদ সাফাই গেয়ে বলেছে, এবিষয় তারা কিছুই জানে না। সংবাদমাধ্যম থেকেই তারা জানতে পেরেছে। কুন্তল ঘোষের ফ্ল্যাট থেকে কীভাবে সদ্য হওয়া প্রাথমিক টেটের ওএমআর শিট, অ্যাডমিট কার্ড পাওয়া গেল তা নিয়ে বিস্ময় প্রকাশ করেন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। এদিন এজলাসে হাই কোর্টের বিচারপতি বলেন, ‘কুন্তল ঘোষের বাড়িতে টেটের ওএমআর শিট, অ্যাডমিট কার্ড? কিছু দুষ্কৃতী রাজ্যটাকে ধ্বংস করে দেবে? কী হচ্ছে এটা? কী করে কুন্তলের কাছে গেল ওএমআর শিট, অ্যাডমিট কার্ড? ইডি’কে ডেকে জিজ্ঞাসা করব।’ এদিন বিচারপতির প্রশ্নের জবাবে পর্ষদের আইনজীবী জানান, ইডির হাতে গ্রেফতার হওয়া কুন্তলের বাড়ি থেকে ১৮৬টি ওএমআর শিট, অ্যাডমিট কার্ড পাওয়া গেছে। এরপর আরো উষ্মা প্রকাশ করে বিচারপতি গঙ্গোপাধ্যায় বলেন, ‘কারা বসে রয়েছে পর্ষদে? কী করে হয় দুর্নীতি? কেউ নিজে কিছু করবে না। আবার আদালত করলে তাকেই কাঠগড়ায় দাঁড় করাবে।’ এরপরই দুর্নীতিগ্রস্তদের কার্যত হুঁশিয়ারির সুরে বিচারপতি বলেন, ‘কাউকে রেয়াত করা হবে না। অতিরিক্ত শূন্যপদ তৈরি করে দুর্নীতি ঢাকার চেষ্টা বরদাস্ত নয়।’

২০২২ সালের টেটের ওএমআর শিট কীভাবে কুন্তলের বাড়িতে গেল তা নিয়ে তদন্ত করতে ইডিকে আদেশ দিয়েছে কলকাতা হাই কোর্ট। একইসঙ্গে, ইডিকে জানাতে হবে কাদের অ্যাডমিন কার্ড দেওয়া হয়েছে? প্রমাণ হলে সব সরকারি চাকরির আবেদন থেকে বঞ্চিত করা হবে তাদের। নির্বাসন দেওয়া হবে পোর্ট ব্লেয়ারে। আলাদা জমি দেব, চাষ করে খাবে। এত সাহস কী করে হয়? জেলে পাঠানো হবে।’ চিনার পার্কে কুন্তল ঘোষের জোড়া ফ্ল্যাটে তল্লাশির পর গত ২১ জানুয়ারি তাকে গ্রেপ্তার করে ইডি। তার ফ্ল্যাটে তল্লাশি চালিয়ে একটি খাতা এবং একটি ডায়েরি বাজেয়াপ্ত করা হয়। ওই ডায়েরিতে সাংকেতিক হরফে নানা গুরুত্বপূর্ণ তথ্য লেখা রয়েছে বলেই ইডি সূত্রে খবর। সবচেয়ে চাঞ্চল্যকর তথ্য হল কুন্তলের ফ্ল্যাট থেকে গত ১১ ডিসেম্বরের টেটের অ্যাডমিট কার্ড, ওএমআর শিট, ডিএলএড সার্টিফিকেট বাজেয়াপ্ত করা হয়েছে। কীভাবে কুন্তলের কাছে ওই নথি পৌঁছল, স্বাভাবিকভাবেই সে প্রশ্ন উঠতে শুরু করেছে।

## জেড প্লাস নিরাপত্তা

১ পাতার পর

২৪ জানুয়ারি লিখেছেন। ওই চিঠিতে উল্লেখ করা হয়েছে সে ১৯৪৩ সালে ২৭ অক্টোবর আশুতোষ সেনকে ১২৫ ডেসিমেল জায়গা লিজে দেওয়া হয়েছিল। যা ২০০৬ সালে ট্রান্সফার করা হয় অমর্ত্য সেনের নামে। অতিরিক্ত জমি উনি দখল করে আছেন বলে অসম্মানিত করা হয়। আমি কয়েকদিন ধরে এই বিষয়টা বোঝার চেষ্টা করেছি। ১৯৮৪ পশ্চিমবঙ্গ সরকারের ভূমি ও ভূমি সংস্কার দফতর জেলা বীরভূম দাগ নম্বর ১৯০০ / ২৪৮৭ রেকর্ডে পরিষ্কার বলা আছে যে লিজ দেওয়া হয়েছে তা ১৩৮ ডেসিমেল। আমাদের রেকর্ড তাই বলছে। তাই অমর্ত্য সেন যেটা বলছেন সেটাই ঠিক। তা’হলে কে ভুল কে ঠিক এটা পরিষ্কার। তা’হলে কেন অসম্মান করা হচ্ছে ওঁর মতো মানুষকে? আমি চাই বিশ্বভারতী ভালোভাবে চলুক। শো-কজ সাসপেন্ড অসম্মান করে নয়। গৈরিকীকরণের লেফট-রাইট না করে বিশ্বভারতী ভালোভাবে চলুক। এখানে পুলিশকে ঢুকতে দেওয়া হয় না। রবীন্দ্রনাথ চিন্তা করেছিলেন খোলা আকাশের নিচে এখানে সবাই পড়াশোনা করুক। অমর্ত্য সেনকে এই ধরনের কাজ করার জন্য অসম্মান করার জন্য বিবেকের দংশন হওয়া উচিত। ক্ষমা চাইতে হবে। যখন রাজীব গান্ধী প্রধানমন্ত্রী ছিলেন আমি যুব দপ্তরের মন্ত্রী ছিলাম। তখন আমি বিশ্বভারতীর কোর্ট মেম্বার হিসেবে বিশ্বভারতী ছাত্র-ছাত্রীদের সঙ্গে একসঙ্গে খাওয়া দাওয়া করেছি। রাজীব গান্ধী জিজ্ঞাসা করেছিলেন ছাত্র-ছাত্রীদের তোমাদের আইকন কে হওয়া উচিত। ছাত্র-ছাত্রীরা চুপ করে ছিলেন। রাজীবজী আমাকে দেখিয়ে বলেছিলেন মমতা তোমাদের আইকন হওয়া উচিত। কেউ যা-তা ভঙ্গিতে অপমান করছিলেন। বড় বড় কথা বলছিলেন। তাদেরকে ছোট্ট একটা ছক্কা মেরে গেলাম। আমি ওঁকে (অর্মত্য সেন)-কে আমার একটি বইয়ের ডালি দিয়ে গেলাম। যে বইটি বইমেলায় প্রকাশিত হয়েছে উনি আমাদের চা খাওয়ালেন, সিঙ্গারা, সন্দেশ খাওয়ালেন।’

## পাক মসজিদে তালিবানি হানায়

১ পাতার পর

তাই মৃতের সংখ্যা বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। পেশোয়ারের গভর্নর স্থানীয় বাসিন্দাদের রক্তদান করতে অনুরোধ করেছেন। জরুরি অবস্থা জারি করা হয়েছে গোটা পেশোয়ারের সব হাসপাতালে। একথা জানান পেশোয়ারের কমিশনার রিয়াজ মেহসুদ। পেশোয়ার পুলিশ নিহতদের সংখ্যা ৩৮ বলে দাবি করলেও লেডি রিডিং হাসপাতালের আধিকারিকরা জানান এখনো পর্যন্ত ৪৬ জনের মৃত্যু হয়েছে। এদিনের হামলার তীব্র নিন্দা করে পাক প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ জানান, মসজিদে হামলাকারীদের সঙ্গে ইসলামের কোনো সম্পর্ক নেই। জঙ্গিরা শুধু ভয় দেখাতে চায়।’ প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খান আবার জঙ্গিদের দমনে গোয়েন্দা তথ্য বাড়ানোর ওপর জোর দেন। সংবাদ সংস্থা।

## দ্রুত শুনানিতে রাজি

১ পাতার পর

চাইছেন মামলাকারীরা। যদিও বিবিসি দাবি করেছে, যথেষ্ট গবেষণা করে তথ্যচিত্রটি তৈরি করা হয়েছে। বিরোধী দলগুলোও সরকারের পদক্ষেপকে সেন্সরশিপ বলে আখ্যা দিয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিবিসির তথ্যচিত্র প্রসঙ্গে এতদিন মুখ বন্ধ রেখেছিলেন। গত রবিবার তিনি মুখ খোলেন। বিবিসির তথ্যচিত্রের নাম না করেপ্রধানমন্ত্রী বলেন, ডিজিটাল মাধ্যমে সমাজে ভেদাভেদ সৃষ্টির প্রচেষ্টা শুরু হয়েছে। এই প্রচেষ্টা অবিলম্বে বন্ধ করার আবেদন জানান তিনি। মোদীর দাবি, এমন প্রচেষ্টা দেশের ঐক্যকে বিনাশ করবে। গত রবিবার দিল্লি ক্যান্টনমেন্টে এনসিসি ক্যাডেটদের এক সমাবেশে ভাষণ প্রসঙ্গে প্রধানমন্ত্রী আরো বলেন, ‘বিশ্বের সব দেশ ভারতের দিকে তাকিয়ে আছে। তারা ভারতের উন্নয়ন নিয়ে প্রশংসা করছে। একাধিক আর্থিক সংগঠন বলেছে, আগামী কয়েক বছরের মধ্যে ভারত তৃতীয় শক্তি হিসাবে উঠে দাঁড়াবে। এমন আবহে সমাজমাধ্যমে কোনো কিছুর প্রচার করে বিভেদ সৃষ্টি করা উচিত নয়।’ তথ্যাভিজ্ঞমহলের মতে, শাহরুখ খানের পাঠান চলচ্চিত্র প্রদর্শনী বন্ধ করা নিয়ে বিজেপি সহ শাখা সংগঠনগুলোর পদক্ষেপের বিরুদ্ধে প্রধানমন্ত্রী বার্তা দিয়েছিলেন। অথচ বিবিসির তথ্যচিত্র প্রদর্শনীর ওপরেই নিষেধাজ্ঞা জারি করেছে তাঁর সরকার। ২টি সিদ্ধান্তই পরস্পরবিরোধী।

## দিল্লিতেও হবে বাংলা বইমেলা

১ পাতার পর

নেতিবাচক চিন্তাধারা চলছে। আমাদের ঐক্যবদ্ধভাবে কথা বলতে হবে, ইতিবাচক চিন্তাধারা নিয়ে চলতে হবে।’ গত বছর কোভিড ছিল। তার মধ্যেও বইমেলায় ২৪ কোটি টাকার ব্যবসা হয়েছিল, ২৩ কোটি মানুষ এসেছিলেন বলে মুখ্যমন্ত্রী জানান। এবারের মেলায় প্রায় ৭০০ ছোটো-বড়ো বইয়ের স্টল, ২০০টি লিটল ম্যাগাজিনের স্টল আছে। মৃণাল সেন আর তরুণ মজুমদারের নামে দু’টি মুক্তমঞ্চ থাকছে। এ বছর প্রথম বার অংশ নিয়েছেন অনেক নতুন ছোটো-বড়ো প্রকাশক। বইমেলায় ঢোকা আর বের হওয়ার জন্য থাকছে ৯টি ফটক। একটি দরজা হয়েছে স্পেনের তোলেদো গেটের আদলে। বাকি তোরণের মধ্যে রয়েছে বিশ্ববাংলা গেট ও শতবর্ষ উপলক্ষে অগ্নিবীণা গেট। মুখ্যমন্ত্রী বলেন, ‘বই হলো জীবন বই হলো বাস্তব চেতনা। আমরা যতদিন বাঁচি ততদিন শিখি। বই সারা বিশ্বকে মিলিয়ে দেয়।’ বইমেলায় যাতায়াতের জন্য অতিরিক্ত বাস চালাবে রাজ্য পরিবহণ দফতর। এ বার ইস্ট-ওয়েস্ট মেট্রোও বাড়তি ট্রেন চালাবে।

## আজ শুরু অধিবেশন

১ পাতার পর

চাইছেন মোদীও। যার ভার তিনি দিয়েছেন কেন্দ্রীয় মন্ত্রীদের। মঙ্গলবার থেকে সংসদে বসছে বাজেট অধিবেশন। আগামী ১ ফেব্রুয়ারি কেন্দ্রীয় বাজেট। চব্বিশের লোকসভা ভোটের আগে এটাই দ্বিতীয় মোদি সরকারের প্রথম পূর্ণাঙ্গ বাজেট। ২০১৪ সাল থেকে অনেক প্রকল্পই হয়েছে। কিন্তু তার কথা অজানা থেকে যাচ্ছে বহু মানুষের কাছে। তাই মানুষের ঘরে ঘরে পৌঁছে কেন্দ্রীয় প্রকল্পগুলি সম্পর্কে তাঁদের জানাতে হবে।

প্রধানমন্ত্রীর পরামর্শ, মধ্যবিত্ত, নিম্নবিত্তদের কাছে এসব প্রকল্পের কথা পৌঁছে দিতে হবে মন্ত্রীদেরই। সকলেই হয়তো সোশ্যাল মিডিয়ার মাধ্যমে এই সব প্রকল্পগুলোর কথা জেনে গেছেন। কিন্তু সশরীরে গিয়ে বোঝানোর আলাদা গুরুত্ব আছে। জি ২০ সম্মেলন আয়োজিত হয়েছে ভারতে। তা এক বড়ো সাফল্য। তার কথাও তুলে ধরতে হবে। তবেই নিম্নবিত্তরা বুঝতে পারবেন, কেন্দ্রীয় সরকার তাঁদেরই জন্য কাজ করে যাচ্ছে। তাতেই বাড়বে জনসংযোগ, বাড়বে ভোট ব্যাঙ্ক।

আসলে শুধু একাধিক জনমুখী প্রকল্প চালু করেই যে জনতার ভোট পাওয়া সম্ভব নয়, তা এতদিন বেশ টের পেয়েছে কেন্দ্রীয় সরকার। জনসংযোগের মাধ্যমে সেসবের প্রচারই আসল অস্ত্র। বিশেষত বাংলার সরকারি প্রকল্পগুলি যেভাবে জনপ্রিয়তা লাভ করেছে, তাতে সরকারি অফিসার তো বটেই, দলের প্রতিনিধিদেরও কৃতিত্ব রয়েছে, তা বোঝা গেছে ‘দুয়ারে সরকার’ শিবিরগুলিতে ভিড় দেখে। সম্প্রতি শুরু হওয়া ‘দিদির দূত’রা গ্রামে গ্রামে গিয়ে শুনছেন জনতার অভিযোগের কথা। এই সবই চূড়ান্ত ভালো ভাবে জনসংযোগের উপায়। রাজনৈতিক মতপার্থক্যের মাঝেও তা অস্বীকার করার উপায় নেই কেন্দ্রের। তাই এ বিষয়ে নাম না করে প্রধানমন্ত্রী কেন্দ্রীয় মন্ত্রীদের বাংলার কার্যপদ্ধতিকেই প্রকারান্তরে অনুসরণ করার পরামর্শ দিচ্ছেন।

**CHANDANESWAR-I GRAM PANCHAYAT**
Bhangore-1 Panchayat Samity, Vill+Po- Chandaneswar, Ps- Bhangare, Dist- South 24 Parganas.

**ABRIDGE TENDER NOTICE**

On behalf of Chandaneswar-1 Gram Panchayat of Bhangar-1 Block under South 24 Parganas dist. Invites bids for (3 nos.) Construction at SWM Project, vide E-Tender no. **WB_S24PGS/ BH-I/714/CH-1/NIT-08/ E-TENDER/2022-23** Dated **31.01.2023**. The last bid submission date is **07.02.2023 upto 5.00 p.m.** Visit to our GP office for details.

Sd/-
Pradhan Chandaneswar-1 G.P
Bhangore-1 Panchayat Samity
South 24 -Parganas

টেন্ডার নোটিশ

কেন্দগড়ে গ্রাম পঞ্চায়েত এলাকায় ৮টি পাকা রোড, ৭টি পাকা ড্রেন, ৪টি সাবমারসিবল, ৩টি টিউবওয়েল, ২টি সোলার লাইট, ১টি বাউন্ডারি ওয়াল, ১টি গার্ড ওয়াল ও ১টি স্নান ঘাট তৈরি করার কাজ করার জন্য অভিজ্ঞ ও উপযুক্ত বিডারদের কাছ থেকে ই-টেন্ডার আহ্বান করা হয়েছে যাহার নোটিশ নাম্বার **ENIT- 01 TO 05/2022-23**। যাহার টাইড ফান্ড মূল্য ২৭ লাখ ৩৯ হাজার টাকা ও আনটাইড ফান্ড মূল্য ১৪ লক্ষ টাকা অর্থাৎ ৫টি ENIT টির মোট মূল্য ৪১ লক্ষ ৩৯ হাজার টাকা। টেন্ডারের বিশদ তথ্য জানার জন্য Visit : **http://wbtenders.gov.in website** অথবা গ্রাম পঞ্চায়েত অফিসে যোগাযোগ করুন।

Sd/-
Prodhan-in-Charge
Kendgore Gram Panchayat

**আর্ক ফিনান্স লিমিটেড**
CIN : L51909WB1982PLC035283
১৮, রবীন্দ্র সরণি, পোদ্দার কোর্ট, গেট নং ৪, চতুর্থ তল, রুম নং -৩, কলকাতা - ৭০০০০১
৩১ ডিসেম্বর, ২০২২ তারিখে ত্রৈমাসিক ও সমাপ্ত নয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলের বিবরণ
ই পি এস ব্যাতীত লাখ টাকায়

| বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক | বিগত বছরের সংশ্লিষ্ট সমাপ্ত ত্রৈমাসিক | বিগত সমাপ্ত বছর |
|---|---|---|---|
| | ৩১.১২.২০২২ | ৩১.১২.২০২১ | ৩১.০৩.২০২২ |
| কাজ থেকে মোট আয় (প্রকৃত) | ৪৫.৯২ | ২৭৬৩.৩৬ | ৩২৫৯.৩৭ |
| কর দেওয়ার পর সাধারণ কার্যক্রম থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) | ২৮.১২ | ৪৮.৮১ | ২৮.৩৮ |
| কর দেওয়ার পর প্রকৃত লাভ / (ক্ষতি) (অতিরিক্ত দফার পর) | ২৮.১২ | ৪৮.৮১ | ২৮.৩৮ |
| ইক্যুটি শেয়ার মূলধন | ৫০৪৯.৫০ | ৫০৪৯.৫০ | ৫০৪৯.৫০ |
| মজুত (বিগত আর্থিক বর্ষের ব্যালান্স সীট অনুযায়ী পুর্নমূল্যায়ন সংরক্ষণ ব্যতীত সংরক্ষণ) | - | - | - |
| শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১ টাকা করে) | | | |
| মূল | ০.০০ | ০.১০ | ০.০১ |
| লঘুকৃত | ০.০০ | ০.১০ | ০.০১ |

দ্রষ্টব্য: সেবি 'লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্ট রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল।

আর্ক ফিনান্স লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
আশিস ব্যানার্জি
ডিরেক্টর
DIN : 5273668
স্থান : কলকাতা
তারিখ : ৩০.০১.২০২৩

**ইয়ার্ন সিন্ডিকেট লিমিটেড**
CIN No.L51109WB1946PLC013842
রেজিস্টার্ড অফিস : ৮৬/২/৪, এস.এন.ব্যানার্জী রোড, প্রথম তল, ফ্ল্যাট নং-২, কলকাতা - ৭০০০১৪
ওয়েবসাইট : www.yarnsyndicate.in, ই-মেল : ysl@yarnsyndicate.in

৩১ ডিসেম্বর, ২০২২ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও নয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলের বিবরণ

লাখ টাকায়

| বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.১২.২০২২ (অনিরীক্ষিত) | সমাপ্ত নয় মাস ৩১.১২.২০২২ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.১২.২০২১ (অনিরীক্ষিত) |
|---|---|---|---|
| কাজ থেকে মোট আয় | ০.০০ | ০.০০ | ১৫.০০ |
| এই পর্বের প্রকৃত লাভ / ক্ষতি (করের আগে) | (৪.০০) | (১৩.৮৮) | ১১.৫৩ |
| মোট কমপ্রিহেনসিভ আয় / ব্যয় [এই পর্বের লাভ / ক্ষতি (করের পর) ও অন্যান্য কমপ্রিহেনসিভ আয় / ব্যয় (করের পর) সহ] | (৪.০০) | (১৩.৮৮) | ১১.৫৩ |
| ইক্যুইটি শেয়ার মূলধন | ৩৭৫.০০ | ৩৭৫.০০ | ৩৭৫.০০ |
| শেয়ার প্রতি আয় প্রতিটি ১০ টাকা হিসাবে (ক) মূল ও লঘুকৃত (টাকায়) | (০.১১) | (০.৩৭) | ০.৩১ |

দ্রষ্টব্য :
উপরোক্ত আর্থিক ফলাফলটি ৩০.০১.২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় অডিট কমিটি দ্বারা পর্যালোচিত এবং কোম্পানীর বোর্ড অফ ডিরেক্টর দ্বারা অনুমোদিত হয়েছে।
সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং রেগুলেশন অনুযায়ী কোম্পানীর অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণটি স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হয়েছে। কোম্পানীর বিস্তারিত আর্থিক ফলাফল পাওয়া যাবে বিএসই লিমিটেড-এর ওয়েবসাইট (www.bseindia.com) ও কোম্পানীর ওয়েবসাইট www.yarnsyndicate.in.

ইয়ার্ন সিন্ডিকেট লিমিটেডএর পক্ষে
স্বাক্ষর
ঋষিরাজ পটোডিয়া
(ম্যানেজিং ডিরেক্টর)
DIN : 00259104
স্থান : কলাকাতা
তারিখ : ৩০.০১.২০২৩